



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

৮, রাজউক এভিনিউ, ঢাকা

প্রকিউরমেন্ট অ্যান্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট

তারিখঃ ১৫.০৫.২০১৮

দরপত্র বিজ্ঞপ্তি

দরপত্র নং- ১০/২০১৭-১৮

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর জন্য দরপত্র তফসিলে বর্ণিত বিবরণ অনুযায়ী মোট ০২ (দুই) বছর মেয়াদে আউট সোর্সিং পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৭ (সাত) জন সিকিউরিটি সুপারভাইজার, ৮১ (একাশি) জন সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) এবং ০২ (দুই) জন বন্দুকসহ গানম্যান সরবরাহের জন্য খ্যাতনামা প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

০১।	সংগ্রাহক সত্তার নামঃ	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)।
০২।	অর্থের উৎসঃ	আইসিবির নিজস্ব তহবিল।
০৩।	দরপত্র সংগ্রহ পদ্ধতিঃ	উন্মুক্ত দরপত্র পদ্ধতি।
০৪।	দরদাতাদের যোগ্যতাঃ	বাংলাদেশ সরকারের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/লাইসেন্সধারী জনবল/সিকিউরিটি গার্ড/গানম্যান সরবরাহকারী প্রতিষ্ঠান যাদের সরকারী/আধাসরকারী, স্বায়ত্বশাসিত ও আর্থিক প্রতিষ্ঠানে সিকিউরিটি সুপারভাইজার, সিকিউরিটি গার্ড/গানম্যান সরবরাহের কম পক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা রয়েছে।
০৫।	কাজের বিবরণঃ	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর প্রধান কার্যালয়, ইইএফ উইং, অফিসের নিজস্ব জমি ও ভবন এবং শাখাসমূহের নিরাপত্তা প্রদান ও ব্যবস্থাপনা কর্তৃক নির্দেশিত সার্বিক কার্যক্রম সম্পন্নকরণ।
০৬।	দরপত্র তফসিল বিক্রয়, দাখিল ও খোলার স্থানঃ	প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, আইসিবি প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৭), ৮, রাজউক এভিনিউ, ঢাকা।
০৭।	দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখঃ	২৯ মে, ২০১৮ (অফিস চলাকালীন)।
০৮।	দরপত্র দাখিলের তারিখ ও সময়ঃ	৩০ মে, ২০১৮। সকাল ১১.৩০ মিনিট।
০৯।	সংশ্লিষ্ট কমিটি দরপত্র খোলার তারিখ ও সময়ঃ	৩০ মে, ২০১৮। সকাল ১১.৪৫ মিনিট।
১০।	দরপত্র তফসিলের মূল্যঃ	প্রতি সেট নগদ ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।
১১।	দরপত্রের সাথে প্রদেয় জামানতের পরিমাণঃ	মাসিক মোট উদ্ধৃত দরের ৩% অর্থ যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ডিডি।
১২।	দরপত্র গ্রহণকারী কর্মকর্তাঃ	সহকারী মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি), ঢাকা।
১৩।	দরপত্র আহবানকারী অফিসের নাম ও ঠিকানা	প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি), প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৭) ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০। টেলিফোন নং- ৯৫৬৮৬৫৫, ওয়েবসাইটঃ www.icb.gov.bd
১৪।	বিশেষ নির্দেশিকাঃ	(ক) পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে। (খ) অনিবার্য কারণবশত নির্ধারিত দিনে দরপত্র গ্রহণ ও খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবস দরপত্র দাখিল ও খোলার তারিখ হিসেবে গণ্য হবে। (গ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মোঃ গোলাম রক্বানী
সহকারী মহাব্যবস্থাপক